# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২২৬

২২/ শিকার (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২২/১১. কাঁকর নিক্ষেপ নিষিদ্ধ

بَاب النَّهْيِ عَنْ الْخَذْفِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنْ أَيُّوبَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، أَنَّ قَرِيبًا، لِعَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ خَذَفَ فَنَهَاهُ وَقَالَ إِنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ نَهَى عَنِ الْخَذْفِ وَقَالَ " إِنَّهَا لاَ تَصِيدُ صَيْدًا وَلاَ تَنْكَأُ عَدُوًّا وَلَكِنَّهَا تَكْسِرُ السِّنَّ وَتَفْقَأُ الْعَيْنَ " . قَالَ فَعَادَ . فَقَالَ أُحَدِّثُكَ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ نَهَى عَنْهُ ثُمَّ عُدْتَ لاَ أُكَلِّمُكَ أَبَدًا .

বাংলা

১/৩২২৬। সাঈদ ইবনে জুবাইর (রাঃ) থেকে বর্ণিত। আবদুল্লাহ ইবনে মুগাফফাল (রাঃ) -র এক নিকটাত্মীয় কাঁকর নিক্ষেপ করলে তিনি তাকে বারণ করেন এবং বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাঁকর নিক্ষেপ করতে নিষেধ করেছেন এবং বলেছেনঃ ’’তার সাহায্যে শিকারও ধরা যায় না, শত্রুকেও আঘাত হানা যায় না, কিন্তু তা দাঁত ভাংগে ও চোখ নষ্ট করে। ’’ রাবী বলেন, সে পুনরায় কাঁকর নিক্ষেপ করলে তিনি বলেন, আমি তোমাকে হাদীস শুনাচ্ছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা নিষেধ করেছেন, আর তুমি পুনরায় তা নিক্ষেপ করছো! আমি কখনও তোমার সাথে কথা বলবো না।

## English

It was narrated from Sa’eed bin Jubair that a relative of ‘Abdullah bin Mughaffal threw some small pebbles. He told him not to do that and said: “The Prophet (ﷺ) forbade throwing small pebbles and said: ‘They do not kill any game nor hurt the enemy, but they can break a tooth or put out an eye.’” He did it again, and he (‘Abdullah) said: “I tell you that the Prophet (ﷺ) forbade that and then you go and do it again? I will never speak to you again.”

## ফুটনোট

সহীহুল বুখারী ৪৮৪২, ৫৪৭৯, ৬২২০, মুসলিম ১৯৫৪, নাসায়ী ৪৮১৫, আবূ দাউদ ৫২৭০, আহমাদ ১৬৩৫২, ২০০১৭, ২০০২৮, ২০০৩৮, ২০০৫০, দারেমী ৪৩৯, ৪৪০, রাওদুন নাদীর ৬৫৫।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সা‘ঈদ ইবনু যুবায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন